মেহেরপুর-১ আসনের স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী মাষ্টার, মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি হাজী সাইফুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক রায়হান উদ্দিন মন্টু, মেহেরপুর পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আরিফুল ইসলাম আরিফ, কুতুবপুর ইউনিয়ন ২নং ওয়ার্ড যুবলীগের সভাপতি সোহান রেজা, আরিফুল ইসলাম আরিফ সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে নৌকা ও ট্রাক প্রতীকের সমর্থকদের মধ্যে উত্তেজনা, জরিমানা

নৌকা ও ট্রাক প্রতীক সমর্থনকারী দুই চাচাতো ভাইয়ের বাগবিতণ্ডা। বাগবিতণ্ডায় সৃষ্ট উত্তেজনা ছড়িয়ে পড়ে দুই প্রতীকের নির্বাচনী শিবিরে। পরিস্থিতি নিয়ন্ত্রনে ঘটনাস্থলে উপস্থিত হয় পুলিশ আনসার ও বিজিবি সদস্যরা। অতঃপর ভ্রাম্যমান আদালত একজনকে জরিমানা করে। ঘটনাটি ঘটেছে মেহেরপুরের মুজিবনগর উপজেলায়।

আজ শুক্রবার রাতে রিমন ও বাবু ২ চাচাতো ভাই ট্রাক ও নৌকা প্রতীকের সমর্থনে কাজ করা নিয়ে পরস্পরের মধ্যে বাকবিতণ্ডায় জড়ান। এক পর্যায়ে এই বাগবিতন্ডায় সাবেক মেম্বার দিলিপ মল্লিক ও আনন্দ খুড়ি, শিবা মল্লিক এবং তোয়াজ যুক্ত হয়।

এক পর্যায়ে ভবেরপাড়া গ্রামে ২নং ওয়ার্ড যুবলীগের সভাপতি জেমস বাবু মন্ডল অভিযোগ করেন নৌকা প্রতীকের কাজ করার কারনে তাকে মারধর করা হয়েছে এবং তার কাছ থেকে ৫০ হাজার টাকা ছিনিয়ে নেয়া হয়েছে। অভিযোগ পেয়ে ঘটনাস্থলে উপস্থিত হয় পুলিশ, আনসার ও বিজিবি সদস্যরা।

জেমস বাবু মন্ডল অভিযোগ করে ভ্রাম্যমান আদালতকে বলেন, তিনি ভ্যানে করে বাড়ি যাচ্ছিলেন। এসময় ভবেরপাড়া মোড়ে পৌঁছালে ট্রাক প্রতিকের সমর্থক সাবেক মেম্বর দিলিপ মল্লিক ও আনন্দ খুড়ি, শিবা এবং তোয়াজ আমাকে বলে তুই নৌকা করিস, তোকে ট্রাক প্রতিকে ভোট করতে হবে। এসময় তাকে মারধর করা হয় এবং টেনে নিয়ে যাওয়ার চেষ্টা করা হয়। আসেপাশের লোকজন এসে তাকে উদ্ধার করে। এ সময় তার পকেটে থাকা ৫০ হাজার টাকা হারিয়ে গেছে বলেও তিনি অভিযোগ করেন।

অভিযোগ পেয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার আজগর আলী, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ উজ্জ্বল দত্ত সহ আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়। এবং সাবেক মেম্বার দিলিপ মল্লিক ও আনন্দ খুড়ি,শিবা এবং তোয়াজকে আটক করে।

এ সময় ভ্রাম্যমান আদালত অভিযোগকারী এবং ঘটনাস্থলে উপস্থিত সাক্ষীদের বক্তব্য শুনে শিবা মন্ডল কে ৫০০ টাকা জরিমানা করে এবং দিলীপ মল্লিক, আনন্দ খুরী ও তোয়াজের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়াতে তাদের ছেড়ে দেয়।

ভ্রাম্যমান আদালত পরিচালনা শেষে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নি কর্মকর্তা আজগর আলী বলেন, ‘ভুক্তভোগীর বক্তব্য শুনে, ভ্রাম্যমান আদালতে ১৮৬০ সালের দন্ডবিধির একটি ধারাতে অভিযুক্ত শিবা মন্ডলকে ৫০০ টাকা জরিমানা করেছে। এবং ভবিষ্যতে একই কাজ না করতে সতর্ক করেছে।’

সহকারি রিটার্নিং কর্মকর্তা আরও বলেন, ‘বাবু মণ্ডলের আরেকটি অভিযোগ তার পঞ্চাশ হাজার টাকা হারিয়ে গেছে। বিষয়টি ভ্রাম্যমান আদালতের এখতিয়ার বহির্ভূত। এজন্য বিষয়টি নিয়ে থানায় একটি অভিযোগ দায়ের করার জন্য তাকে পরামর্শ দেওয়া হয়েছে। ‘

মেহেরপুরে প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের লিফলেট বিতরণ

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের লিফলেট বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় সামনে থেকে মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের লিফলেট বিতরণ শুরু হয় এবং কাথুলী তেল পাম্পের সামনে গিয়ে শেষ হয়।

লিফলেট বিতরণে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল, মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জেমস স্বপন মল্লিক, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইট, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লাভলী ইয়াসমিন, মেহেরপুর মহিলা পৌর আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান, ছাত্রনেতা ইউনুস আলী, ছাত্রনেতা ইব্রাহিম, সপুরা খাতুন সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় নির্বাচনী মিছিল ও পথসভায় এমপি-ছেলুন

চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের মনোনীত নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির নির্বাচনী মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেল ৪ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার মডেল সরকারি

প্রাথমিক বিদ্যালয় মাঠ থেকে এক নির্বাচনী গণ-মিছিল বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এর আগে-বিকেল ৩ টা থেকে উপজেলার বিভিন্ন ইউনিয়ন, পৌর এলাকার ওয়ার্ড আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা দলে দলে মিছিলে অংশ গ্রহন করেন। শহর জুড়ে নৌকার স্লোগানে মুখরিত হয়ে ওঠে।

নির্বাচনী মিছিলটি পায়ে হেটে পৌর শহরের আলতায়েবা মোড়ে এক পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় হাজার হাজার নেতাকর্মীদের উপস্থিতিতে জনসভায় পরিণত হয়। পথসভা অনুষ্ঠানে আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা বক্তব্য রাখেন। এসময় পথসভায় অংশ নেন চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের নৌকা প্রতিকের প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

নির্বাচনী পথসভায় প্রধান অতিথির বক্তব্যে সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, `আজকের এই পথসভা জনসমুদ্রে পরিণত হয়েছে। বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভার জনগণ আজকে আওয়ামীলীগের নৌকা ও শেখ হাসিনার উপর সমর্থন আছে এটা আলমডাঙ্গাবাসী বুঝিয়ে দিতে সক্ষম হয়েছে। এ পথসভা , গত কয়েকদিন আগে দু-পাঁচটি লোক নিয়ে একটি মিছিল করেছিলো। তাদের উদ্দেশ্যে বলি – দেখে যান, এমপি নির্বাচন কিভাবে করতে হয়। তাদের বলি আপনারা দেখেন, বোঝেন, শেখেন এবং সঠিক লাইনে চলার চিন্তা করেন।

চুয়াডাঙ্গা-১ আসনে (চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা) সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গা আওয়ামীলীগের উদ্যোগে নির্বাচনী পথসভায় আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে তিনি আরো বলেন, আপনাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি এটাই প্রমাণ করে বাংলাদেশ আওয়ামীলীগ এখনো ঘরের আনাচেকানাচে কর্মী ভরা। তারা বঙ্গবন্ধুর আদর্শে বির্শ্বাসী, শেখ হাসিনার প্রতি আস্তা রয়েছে। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিলো, কিন্তু বঙ্গবন্ধু ঘাতকদের বুলেটের আঘাতে হত্যা হয়েছিল। বঙ্গবন্ধু তার স্বপ্ন পূরণ করতে পারে নাই। তার সুযোগ্য কণ্যার প্রচেষ্টায় বাংলাদেশে উন্নয়নের জোয়ার বইছে। এমন কোন জায়গায় নেই সেখানে উন্নয়নের ছোঁয়া লাগেনি। আমরা যদি চিন্তা করি, নির্জন মাঠের খেতের সাথে ট্রাক ভিড়িয়ে কপি লোড দিচ্ছে। তবে বুঝতে হবে দেশ কতটা এগিয়ে গেছে। শেখ হাসিনার যোগাযোগব্যবস্থা ও ইলেকট্রি সিটি এমন কোন জায়গা নাই সেখানে পৌঁছাই নাই। সরকার এখন দেশে ৫১ রকমের ভাতা দিচ্ছে শেখ হাসিনা সরকার।

ছেলুন জোয়ার্দ্দার এমপি উপস্থিতি নারীদের উদ্দেশ্যে বলেন, আপনারা বিভিন্ন ভাতা পাচ্ছেন। বিএনপি ক্ষমতায় এলে আপনাদের ভাতা বন্ধ করে দিবে। আপনাদের উপস্থিতি আমাকে মুগ্ধ করেছে। আপনাদের উপস্থিতে আমার উৎসাহ, উদ্দীপনা বেড়ে গেলো।

নির্বাচনি মিছিল ও পথসভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি প্রশান্ত অধিকারী,সাবেক সাংগাঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, জেলা জাসদের সভাপতি ও পৌর মেয়র এম.সবেদ আলী, সাবেক নির্বাহী সদস্য শাহ আলম, চুয়াডাঙ্গা সদর পৌর সভাপতি আলাউদ্দিন হেলা, সম্পাদক আব্দুল কাদের।

আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টারের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা আওয়ামীলীগের সহ- সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, ঠান্ডু মিয়া, জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দার, সাবেক হারদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল ইসলাম নুরু, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, পৌর আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি ডা.অমল কুমার বিশ্বাস, সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা, মাসুদ রানা তুহিন, দপ্তর সম্পাদক মাসুদ সালেহিন উৎপল, ইউপি চেয়ারম্যান আশিকুর রহমান ওল্টু, আবু সাইদ পিন্টু, আশাদুল হক মিকা, মুন্সি ইমদাদুল হক, হাসানুজ্জামান সরোয়ার, মোজাহিদুর রহমান জোয়ার্দার লোটাস, এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার, তরিকুল ইসলাম, মাহমুদুল হাসান চঞ্চল, সোহানুর রহমান সোহান, বাড়াদী ইউনিয়ন সভাপতি মকবুল হোসেন, জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি দিদার আলী, সম্পাদক রাহাব আলী, কালিদাশপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, জেহালার সভাপতি হাসানুজ্জামান হান্নান, সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার, আব্দুল মালেক, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান রুন্নু, সম্পাদক বিল্লাল হোসেন, কুমারি ইউনিয়ন সভাপতি ও চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, সম্পাদক আব্দুর রাজ্জাক, বাড়াদীর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মকবুল হোসেন, সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, উপজেলা যুবলীগের আহবায়ক সোনাহার মন্ডল, সদস্য মনিরুজ্জামান হিটু, নেছার আহমেদ প্রিন্স, পৌর যুবলীগের আসাদুল হক ডিটু, যুগ্ম সম্পাদক জাহিদুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি অনিক জোয়ার্দার, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আলাল উদ্দিন, সাংগঠনিক সম্পাদক

গোলাম সারোয়ার সামিম, সোহেল রানা শাহিন, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, সাকিব, অটল, রকি, প্রমুখ।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়।

আজ শুক্রবার রাতে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি চমন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি নাছিম সহ বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর সদর উপজেলায় প্রফেসর আব্দুল মান্নানের নির্বাচনী অফিস উদ্বোধন

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের নির্বাচনী অফিস উদ্বোধনের আয়োজন করা হয়।

আজ বুধবার রাতে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীক নির্বাচনী অফিস উদ্বোধনের আয়োজন করা হয়।

অফিস উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান।
অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা যুবলীগের উদ্যোগে বিজয় দিবস পালন

মেহেরপুরে বিজয় দিবস উপলক্ষে মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে শহীদ স্মৃতিসৌধে পুস্পমাল্য অর্পণ করা হয়েছে।

শনিবার সকালের জেলা যুবলীগের উদ্যোগে মেহেরপুর কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে শহীদদের প্রতি সম্মান জানিয়ে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

শহীদ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণের সময় উপস্থিত ছিলেন, জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর ও সদর থানা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা সহ মেহেরপুর জেলা যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকে বহিষ্কারের প্রতিবাদে সাংবাদিক সন্মেলন

চুয়াডাঙ্গার নেহালপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক বহিষ্কারের প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাবে সাংবাদিক সন্মেলন অনুষ্ঠিত হয়েছে।

সাংবাদিক সন্মেলনে নেহালপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি জাহাঙ্গীর আলম ও সাধারণ সম্পাদক সামসুল হক লিখিত বক্তব্যে বলেন, আমরা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ বুকে ধারণ করে উইনিয়ন আওয়ামী যুবলীককে সু-সংগঠিত করার লক্ষ্যে নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছি এবং যুবলীগের সমস্থ কর্মকাণ্ডে অংশগ্রহণ করে তা প্রতিপালন করছি।

সেই সাথে চুয়াডাঙ্গা-২ আসনে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার মনোনীত নৌকার প্রার্থী হাজী আলী আজগার টগর মহদয়ের পক্ষে বর্তমান সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডের প্রচার প্রচারণা চালিয়ে যাচ্ছি। যা চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য অবগত

আছেন। নৌকার পক্ষে কাজ করায় স্থানীয় বিভিন্ন পত্রিকা মারফত জানতে পারি আমাদের বিরুদ্ধে জমিদখল, চাঁদাবাজি, দখলদারিত্ব ও দলীয় শৃংখলা ভঙ্গের মনগড়া মিথ্যা ও ভিত্তীহিন অভিযোগ তুলে আমাদেরকে বহিষ্কার করা হয়েছে। যার কোন প্রমান বা সত্যতা নেই। অথচ ভিত্তিহীন অভিযোগ তুলে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার ও যুগ্ন আহবায়ক সামমুদ্দোহা মল্লিক হাসু ব্যাক্তি স্বার্থ ও উদ্দেশ্য প্রনোদিত হয়ে আমাদেরকে বহিষ্কার করেছেন। আমাদের একটিই অপরাধ চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় নৌকার পক্ষে কাজ করা। তাই আমরা বিষয়টি খুলনা বিভাগিয় যুবলীগের নেতৃবৃন্দকে অবহিত করলে তারা জানিয়েছেন, এটা উদ্দেশ্য প্রনোদিত ছাড়া আর কিছুই না। গত ০২/০১/২০২২ সালে গঠিত নেহালপুর ইউনিয়ন যুবলীগের কমিটি বৈধ্য। তাই আমরা সাংবাদিক সম্মেলনের মাধ্যমে কমিটি বিলুপ্তি ও বহিষ্কারদেশের তিব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন গড়াইটুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদুজ্জামান পলাশ, তিতুদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদ রেজাসহ নেহালপুর ইউনিয়ন যুবলীগের বিভিন্ন ওয়ার্ডের নেতৃবৃন্দসহ নেতা কর্মী ও সমর্থকেরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ার খোকসাতে দুইপক্ষের সংঘর্ষ: আহত-৭

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কেন্দ্র করে কুষ্টিয়ার খোকসায় দুই পক্ষের সংঘর্ষে কমপক্ষে ৭জন আহত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে খোকসা উপজেলার আমবাড়িয়া ইউনিয়নের ধোকড়াকোল কলেজ মোড়ে সংসদ নির্বাচন কেন্দ্র করে নৌকা সমর্থক ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের মধ্যে কথা কাটাকাটির একপর্যায়ে দেশীয় অস্ত্র নিয়ে দুই পক্ষই সংঘর্ষে লিপ্ত হয়।

উক্ত সংঘর্ষে স্বতন্ত্র প্রার্থীর পক্ষের আহত ব্যক্তিরা হলেন, ধোকড়া কোল গ্রামের মৃত কাজেম আলীর ছেলে মো. রবিউল ইসলাম (৫০)।

মৃত জামাল হোসেনের ছেলে মো. জিকু হোসেন (৩২) জালাল হোসেনের ছেলে বিল্লাল হোসেন (৪০) মসলেম এর ছেলে মো. সালাম হোসেন (৪০) আমবাড়ীয়রা গ্রামের মৃত কোরবান আলীর ছেলে মো. চুন্নু প্রামানিক
(৩৫) ।

নৌকার প্রার্থীর পক্ষের আহতরা হলেন, ধোকড়াকোল গ্রামের মো. মজিবার রহমান এর ছেলে মো. আমিরুল ইসলাম (৩৫) আব্দুল বারেক শেখ এর ছেলে মো. হাসান আলী (২২) । আহতদেরকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে এবং খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হচ্ছে। এ ঘটনায় এলাকায় উভয় পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

স্থানীয়দের বরাত দিয়ে খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আননূর যায়েদ বলেন, সামান্য বিষয় নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। খবর পাওয়ার পর পরই পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। বর্তমানে এলাকায় শান্ত অবস্থায় বিরাজ করছে। এবিষয়ে থানায় লিখিত কোনো অভিযোগ দায়ের করেননি।

উল্লেখ্য, কুষ্টিয়া-৪(কুমারখালী-খোকসা) আসনে আওয়ামী লীগের মনোনিত প্রার্থী বর্তমান সংসদ সদস্য যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ। এবং আওয়ামী লীগ নেতা ও সাবেক সংসদ সদস্য আব্দুর রউফ আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নিচ্ছেন।

আলমডাঙ্গায় সাবেক যুবলীগ নেতৃবৃন্দের মতবিনিময় সভা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গায় সাবেক যুবলীগ নেতৃবৃন্দ এক মতবিনিময় সভা করেছেন। কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান শেখ সামসুল আবেদীন খোকনের এসব সমর্থক আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গার বাবুপাড়া কমিউনিটি সেন্টারে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

আলমডাঙ্গা পৌরসভার ৮ নং ওয়ার্ড কাউন্সিলর সাবেক ছাত্রনেতা আশরাফুল হক বাবুর সভাপতিত্বে ওই মত বিনিময় সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা যুবলীগের সাবেক যুগ্নআহবায়ক সাজ্জাদুল ইসলাম স্বপন।

উপজেলা যুবলীগের যুগ্নআহবায়ক শাহিন রেজার পরিচালনায় ওই মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুবলীগ নেতা হাবিবুর রহমান রুবেল, হারদি ইউনিয়ন মহিলা আওয়ামীলীগ নেত্রী বীরমুক্তিযোদ্ধা মোমেনা বেগম, কুমারি ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি ইমাদুল হক, তকবুল মেম্বার, শাহিন খন্দকার, নজরুল সাঁইজি, জিনারুল ইসলাম, হারদি ইউনিয়ন যুবলীগ নেতা সাহানুর রহমান টিপু মেম্বার, রুবেল শেখ, শাহিন খাঁন, রবিন খাঁন, তৌফিক, উপজেলা যুবলীগের সদস্য সনি রাজ, আহার আলী, হাসিবুল মেম্বার, লক্ষণ কর্মকার, রবিউল ইসলাম, রাব্বি, রেজাউল হক, হাবিল, ডাউকি ইউনিয়ন যুবলীগের যুগ্নআহবায়ক সিদ্দিক, আশা, হাফিজ, জিবন, মাসুম বিল্লাল, আশাবুল, মারুফুল হক, আব্দুল হালিম (মুরগি), পৌর কৃষকলীগ নেতা সবুজ, আজম খাঁন, ভাঙবাড়িয়া ইউনিয়ন যুবলীগ নেতা রাজ, বকুল আহমেদ, পৌর ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী চন্দন, ছাত্রলীগ নেতা শেখ ইমতিয়াজ নিপ্পন, শাহারিয়ার তপু, এসকে শাকিল, শাকিব আহমেদ, সাব্বির রহমান, সজিব আহমেদ।

মতবিনিময়ে বক্তারা বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আমরা যার পক্ষ্যেই ভোটের মাঠে নামি না কেনো কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার শেখ সামসুল আবেদীন খোকন ভাইয়ের নির্দেশনা অনুযায়ী সকলে ঐক্যবদ্ধ ভাবে মাঠে নামবো। আপনারা কোন রকম বিভ্রান্ত হবেন না। আমরা ঐক্যবদ্ধ আছি এবং ঐক্যবদ্ধ থাকবো।